R. N. No. 2532/57 | Phone No. 66-228, STD 03483 | Regd. No.—WB/MSD—4

আলমারী, চেয়ার এবং
যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা
বি কে
ষ্টীল ফার্ণিচার
অনুমোদিত বিক্রেতা : ষ্টিলকো
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাঙ্ক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

৮৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ ১৮ই শ্রাবণ, বুধবার, ১৪০৬ সাল। | নগদ মূল্য : ১ টাকা
১২ম সংখ্যা | ( ৪ঠা আগষ্ট, ১৯৯৯ সাল। | বার্ষিক ৪০ টাকা

## পর পর তিনটি খুনকে ঘিরে ফরাক্কা এলাকায় সাম্প্রদায়িক উত্তেজনা ও পুলিশী নীরবতার অভিযোগ

বিশেষ সংবাদদাতা : ফরাক্কা থানার শঙ্করপুরের কাছে কান্তর মোড় দিয়ে জেলেদের গঙ্গায় ইলিশ মাছ ধরতে গেলে ঐ এলাকার মস্তানদের তোলা দিয়ে তবেই নদীতে যাবার অনুমতি মেলে। কে তোলা আদায় করবে—ক্ষমতার দখল নিয়ে ঐ এলাকার কুখ্যাত আসামী সিপিএমের মদতপুষ্ট রফিকুল সেখের সঙ্গে কংগ্রেস মদতপুষ্ট মস্তান মহরম সেখের হুজ্জৎ শুরু হয় গত ১৪ জুলাই। হাজারপুরের ঘোষপাড়ার লোকেরা মহরমকে মদত দেয়। গন্ডগোল থামাতে এসে রফিকুলের বাবা হায়াত আলি ঐ দিন ঘটনাস্থলে মারা যান। সিপিএম থেকে হাজারপুরের নন্দ ঘোষ, ভরত ঘোষ ইত্যাদিকে আসামী করে ফরাক্কা থানায় অভিযোগ করা হলেও ওসি ঐ ঘটনায় কোন তৎপরতা না দেখিয়ে সম্পূর্ণ চুপচাপ থাকে বলে প্রাক্তন সাংসদ আবুল হাসনাত খান এস পির কাছে অভিযোগ করেন। এই ঘটনাকে ঘিরে ঐ অঞ্চলে সাম্প্রদায়িক উত্তেজনা দেখা দিলেও বেশী দূর এগোয়নি। এই ঘটনার বদলা হিসাবে গত ২৭ জুলাই সকাল ১১টা নাগাদ মহসীন, এতোয়ারি, সফু, ইমতিয়াজ, সাহাবুলেরা হাজারপুরের জিতেন ঘোষকে খুন করে। জিতেনের খুনের বদলা নিতে ঐ দিনই নন্দ ঘোষের নেতৃত্বে পরবর্তী আক্রমণে হাজারপুরেই মহসীন সেখ খুন হয়। পর পর খুনের ঘটনায় ঐ অঞ্চলে চরম উত্তেজনা দেখা দিয়েছে। পুলিশ এখন পর্যন্ত চারজনকে গ্রেপ্তার করেছে। ২৮ জুলাই এস পি ( শেষ পৃষ্ঠায় )

## দশ বছরের মেয়েকে বলাৎকার করেও অপরাধী ধরা পড়েনি, ধর্ষণকারীর বাড়ী লুঠ ও ভাঙচুর

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ২ ব্লকের মিঠিপুর গ্রামে পূর্ণ হালদারের দশ বছরের মেয়ে চতুর্থ শ্রেণীর ছাত্রী সন্ধ্যা গত ২৭ জুলাই সকাল ৯টা নাগাদ ধর্ষিতা হয়। জঙ্গিপুর হাসপাতালে গত ৩১ জুলাই আমাদের প্রতিনিধিকে সন্ধ্যা জানায় ঘটনার দিন সে ঐ গ্রামের অবস্থাপন্ন ব্যক্তি সুশীল সিংহ রায় ওরফে মঙ্গল ডাক্তারের বাড়ী সজনে শাক কিনতে যায়। সে সময় মঙ্গল ডাক্তারের ছেলে ইন্দ্রজিৎ সিংহ রায় ওরফে ষষ্ঠী সিংহ রায় ( তিন সন্তানের পিতা ) বাগানের বেড়ার দরজা লাগিয়ে দিয়ে জোরপূর্বক তাকে ধর্ষণ করে। সে সংগাহীন অবস্থায় ওখানেই কিছুক্ষণ পড়ে থাকে। পরে জ্ঞান ফিরলে বাড়ী ফেরার মুখে ষষ্ঠী তাকে ভয় দেখিয়ে বলে জানাজানি হলে গুলি করে মেরে ফেলব। সে বাড়ী ফিরে ভয়ে এ সব না জানিয়ে মাকে রক্ত ক্ষরণের কথা জানায়। মা গ্রামের এক হাতুড়ে ডাক্তারের কাছে নিয়ে গেলে ডাক্তারবাবু একটা ইনজেকশন দিয়ে দেন ও কিছু খাবার ওষুধ দেন। কিন্তু তার রক্ত বন্ধ হয় না। এর পর সে জ্ঞান হারায়। বেলা তিনটে নাগাদ পূর্ণ হালদার ও তাঁর স্ত্রী সংগাহীন মেয়েকে জঙ্গিপুর হাসপাতালে ডাক্তার হায়দার নাওয়াজের তত্বাবধানে ভর্তি করেন। দু' বোতল রক্ত, সেলাইন ও ক্ষতস্থানে কয়েকটি সেলাই পড়ে। বেলা পাঁচটা নাগাদ সন্ধ্যার জ্ঞান ফেরে। সে ডাক্তারের (শেষ পৃষ্ঠায়)

## জঙ্গীপুর কলেজের স্মুবর্ণজয়ন্তী উৎসব

নিজস্ব সংবাদদাতা : গত ১ আগষ্ট জঙ্গীপুর কলেজের সুবর্ণজয়ন্তী উৎসবের শুভ সূচনা হয়। দীর্ঘ এক বছরের অনুষ্ঠানকে সামনে রেখে সুবর্ণজয়ন্তীর পথ চলা। যে হলঘর থেকে ১৯৫০ সালের ১ আগষ্ট কলেজ তার জয়যাত্রা শুরু করে, সেই হলঘরে সকাল ৭-৩০ নাগাদ উলু-ধ্বনির মাধ্যমে প্রথম প্রদীপ প্রজ্বলন করেন প্রাক্তন অধ্যক্ষ ডঃ সচ্চিদানন্দ ধর, দ্বিতীয় প্রদীপ জ্বালান কলেজ গভর্নিং বডির সভাপতি মৃগাঙ্ক ভট্টাচার্য। বাকী প্রদীপগুলি জ্বালান শৈলেন্দ্রীরঞ্জন নাথ, হরিলাল দাস, আশিস রায় প্রমুখ। ঐ দিন বিকেলে দ্বিতীয় পর্বের অনুষ্ঠানে সভাপতি ছিলেন মৃগাঙ্ক ভট্টাচার্য। প্রথমে জঙ্গীপুর কলেজের সুবর্ণজয়ন্তীর শুভ উদ্বোধন করেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য বাসুদেব বর্মণ। কলেজের জন্মলগ্নের কর্মী নীলমণি বারিক, লাইব্রেরীয়ান ( শেষ পৃষ্ঠায় )

## রঘুনাথগঞ্জ মুখ্য ডাকঘরে স্পীড পোষ্ট সার্ভিস চালু হলো

নিজস্ব সংবাদদাতা : গত ২ আগষ্ট থেকে রঘুনাথগঞ্জ মুখ্য ডাকঘরে স্পীড পোষ্ট বুকিং সার্ভিস চালু হলো। এই সার্ভিসের ১৩তম বর্ষ পূর্তি উপলক্ষে ঐ দিন রঘুনাথগঞ্জ ও কান্দী মুখ্য ডাকঘরে অন্তর্দেশীয় ও বহির্দেশীয় বুকিং শুরু হয়। দৈনিক বেলা ১০টা থেকে দুপুর ২টো পর্যন্ত এই সার্ভিস চালু থাকবে বলে জানা যায়।

বাজার খুজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৮ই শ্রাবণ বুধবার, ১৪০৬ সাল।

## ॥ 'বাংলা'—'কলকাতা' ? ॥

আমাদের এই রাজ্য ও রাজধানীর নাম পরিবর্তনের কথা শুনা যাইতেছে। বিষয়টি এখনও আলোচনার স্তরে রহিয়াছে। রাজ্য বিধানসভার অধিকাংশ বিধায়ক নাম পরিবর্তনের ব্যাপারে একমত হইয়াছেন বলিয়া শুনা যাইতেছে। রাজ্যের নাম 'বাংলা' করিবার কথা বলা হইয়াছে। যদি 'পশ্চিমবঙ্গ' নাম রাখা হয়, তবে তাহা ইংরাজীতে একইরূপ থাকার দাবী করা হইয়াছে। রাজধানী কলিকাতা ইংরাজীতে 'ক্যালকাটা' থাকিবে না ; তাহা ইংরাজী বা বাংলায় 'কলিকাতা' অথবা 'কলকাতা' হইবে—এইরূপ চিন্তা-ভাবনা করা হইতেছে।

শাসক বামফ্রন্ট এবং অন্যান্য দল নাম পরিবর্তনে সম্মত হইলেও কোনও কোনও পক্ষ হইতে ইহার বিরোধিতা করা হইতেছে বলিয়া জানা যায়। দক্ষিণ ভারতের রাজ্য অন্ধ্র, তামিলনাড়ু এবং শহর চেন্নাই—এই পরিবর্তিত নামগুলি অনেক দিন হইতে চালু আছে। কিছুদিন পূর্বে বোম্বাই-এর নাম বদল করিয়া 'মুম্বই' রাখা হইয়াছে। 'মুম্বই' সর্বভারতীয় স্বীকৃতি পাইলেও তাহা হয়ত ভারতের বাহিরে এখনও অনেক দেশে 'বোম্বে' হইয়া রহিয়াছে সেই হিসাবে বাংলার 'বেঙ্গল' এবং কলিকাতার 'ক্যালকাটা' নাম ঘুচাইতে কতদিন লাগিবে, বলা যায় না।

এই রাজ্যের রাজধানীর অনেক জায়গার নাম দীর্ঘদিন পূর্বে পরিবর্তন করা হইয়াছে। উদাহরণ স্বরূপ বলা যায় যে, হ্যারিসন রোড, ধর্মতলা স্ট্রীট, ডালহৌসীর নাম বদলাইয়া যথাক্রমে মহাত্মা গান্ধী রোড, লেলিন সরণি, বিবাদী বাগ রাখা হইয়াছে। আরও আছে। এই নাম পরিবর্তন, রাজ্যের অভ্যন্তরীণ ব্যবস্থা বলিয়া সহজে করা হইয়াছিল। কিন্তু রাজ্য ও রাজধানীর নাম পরিবর্তনের জন্য কেন্দ্রের অনুমোদন প্রয়োজন। রাজ্যের তথ্য-সংস্কৃতিমন্ত্রী সম্প্রতি বলিয়াছেন যে, রাজ্যের নাম পরিবর্তনের ক্ষেত্রে সংসদ ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের এবং রাজধানীর নাম বদলাইতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের অনুমোদন প্রয়োজন। বিষয় দুইটি আপাতত স্থগিত রহিল। কারণ ত্রয়োদশ লোকসভা নির্বাচনের পর সংসদ গঠিত হইলে তাহার অধিবেশনে উহা অনুমোদনের জন্য উত্থাপিত হইবে।

কেহ কেহ বলিতেছেন যে, নাম পরিবর্তনের ব্যাপারটি নির্বাচনী ইস্যু হইবে। তৃণমূল কংগ্রেস 'নির্বাচনের' পর আগামী লোকসভার অধিবেশনে একটি সংশোধনী প্রস্তাব আনিবার কথা বলিয়াছে। কংগ্রেস দল নাম বদলের জন্য সর্বসম্মত অনুমোদন দেয় নাই বলিয়া খবরে প্রকাশ। আমরা মনে করি, রাজ্য ও রাজধানীর নাম পরিবর্তনের জন্য রাজ্যের বিশিষ্ট বুদ্ধিজীবিদের সঙ্গে পরামর্শ করা চলিতে পারে। এই মতামত দলমত-নির্বিশেষে গ্রাহ্য হওয়া বাঞ্ছনীয়।

## চিঠি-পত্র

(মতামত পত্রলেখকের নিজস্ব)

### *নতুন বাড়ী ভাড়া আইন ও তার প্রতিক্রিয়া প্রসঙ্গে*

সীমিত আয়ের অধিকারী অথবা শুধুমাত্র বাড়ি ভাড়া আয়ের উপর নির্ভরশীল বেশ কিছু বাড়ীওয়ালার স্বার্থে পশ্চিমবঙ্গ সরকার যে নতুন বাড়ী ভাড়া আইন কার্যকরী করতে যাচ্ছেন তা নিঃসন্দেহে সময়োপযোগী ও কিছুটা প্রশংসার দাবী রাখে। দীর্ঘকাল ধরে নামমাত্র ভাড়ায় বাড়ী নিয়ে অনেক বিত্তশালী ভাড়াটে তার বাড়ীওয়ালাকে বছরের পর বছর ন্যায্য ভাড়া থেকে বঞ্চিত করে এসেছেন। ১৯৫৬ সালের বাড়ী ভাড়া আইন মূলতঃ ভাড়াটিয়াদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে পারেনি। প্রয়োজন থাকা সত্ত্বেও তাদের উচ্ছেদ করা যায়নি। কিন্তু এই সংশোধনী আইন মুষ্টিমেয় কিছু দুঃস্থ বাড়ীওয়ালার স্বার্থ রক্ষা করলেও এই আইনের সুযোগ নিয়ে সংখ্যাগরিষ্ঠ বিত্তশালী বাড়ীওয়ালা গৃহহীন বিত্ত বৈভবহীন অসংখ্য ভাড়াটিয়াদের গৃহ সংস্কারের বা অন্যান্য নানা অজুহাতে উচ্ছেদ করার সুযোগ পাবে। শহর ও শহরতলীর সংখ্যা গরিষ্ঠ ভাড়াটিয়াদের উচ্ছেদের আশঙ্কা থেকে মুক্ত করতে জনদরদী বামফ্রন্ট সরকার কি এই আইনের কিছু প্রয়োজনীয় সংশোধন করতে পারে না? এই প্রসঙ্গে একটা কথা মনে পড়ছে। ১৯৬৭, ৬৮, ৬৯ ও ৭০ এর দশকে শ্রমিক, উদ্বাস্তু এবং গৃহহীন ভাড়াটিয়াদের এক বিশাল সংখ্যাগরিষ্ঠ অংশের মানুষ কমিউনিষ্ট পার্টির লাল ঝাণ্ডার নিচে সমবেত হয়েছিলেন। এবং মূলতঃ তাদের সমর্থনেই বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে রাজ্য রাজনীতির ক্ষমতার আসনে অধিষ্ঠিত হয়েছে। সংখ্যাগরিষ্ঠ শ্রমজীবী গৃহহীন মানুষের স্বার্থকে উপেক্ষা করে বামফ্রন্ট সরকার কি পুনরায় ক্ষমতায় আসনে প্রতিষ্ঠিত হতে পারবে?

কাশীনাথ ভকত (অধ্যাপক)
তাং ৩০/৭/৯৯ পোঃ রঘুনাথগঞ্জ
মুর্শিদাবাদ

## শতবর্ষে শতছিন্ন কবি

হরিলাল দাস

'ভাগ হয়নিকো নজরুল'—অন্নদাশঙ্কর এই লিখে স্বস্তি পেয়েছিলেন। ১৯৭৬-এর ২৯শে আগষ্ট ঢাকায় নজরুল মারা যাবার পর আমরাও ভেবেছিলাম, বাঁচা গেল তাঁকে নিয়ে আর টানাটানি হবে না। বেঁচে থাকতে কবিকে নিয়ে সে সব তো কম হয়নি। কিন্তু এখন দেখছি তিনি কোন ভাগে পড়েন, কার ভাগে বেশি—তাই নিয়ে টানাহ্যাচা। বিশেষত শতবার্ষিক উৎসব উপলক্ষে এটা এত বেড়েছে যে, আমরা পাচ্ছি ছিন্নভিন্ন নজরুলকে।

উপায় নেই। নজরুল স্মরণের সর্বজনীন অধিকার। শতবর্ষ সাহিত্য সংখ্যা প্রকাশও করণীয়। লোকটির নামে যজ্ঞ হচ্ছে, তার ভস্মরাশি যাবে কোথায়?

বরদাচরণবাবুর সঙ্গে-প্রসঙ্গে কী সব লেখা হচ্ছে! 'নজরুল বরদাচরণের মৃতদেহে কাঁধ দিয়েছিলেন'। 'এই সব কথা বরদাবাবুর পুত্রবধূ হাসি-বৌদির মুখ থেকে শুনেছিলাম'। সত্য কি তাই? কী উদ্দেশ্যে এই লেখা? বাড়িয়ে বলা কথার মিথ্যাচারে ধর্মীয় টানাটানি। কবি শিল্পীর জীবন আলোচনায় শীলিত সুরুচি, সরস সাহিত্যবোধ থাকবে তো।

কবিকে যাঁরা ভালবাসেন, তাঁর সাহিত্যসৃষ্টিকে যাঁরা সমীহ করেন, তাঁরা ভাববেন কেন যে, নজরুলের উপর, হিন্দু-মুসলমান, কোন্ ধর্মের প্রভাব কতটা বেশি?

'লোকটা মুসলমান, না শয়তান'?—বলে সাংঘাতিক আক্রোশ প্রকাশ করেছেন মুসলমান সমাজের কিছু লোক। অন্যদিকে তিনি যখন গিরিবালা দেবীর কন্যা প্রমীলাকে বিয়ে করলেন তখনও কিছু হিন্দু, কিছু মুসলমান ক্ষিপ্ত হয়ে ওঠেন। তিনি কালীকীর্তন রচনা করলেন, শ্যামা সঙ্গীত গাইলেন, একই ধারায় অজস্র ইসলামী গীত-কবিতা-প্রবন্ধ রচনা করে গেলেন বিশ্লেষণ করতে হবে এই আপাতভিন্ন ধারার অভিন্ন উৎসটা, নজরুলকে বোঝবার জন্যই। টানাটানি থেকে হানাহানি যাতে বাড়ে সেই সব প্রাসঙ্গিকতা আমরা নিবারণ করতে উৎসুক। নজরুল থেকে খণ্ডিত উদ্ধৃতি ব্যবহার করে ভুল বোঝাবুঝির ব্যবস্থা করা মঙ্গলজনক নয়।

কবির জাতবিচার করে কে? সাহিত্য-বোধহীন জাতপাগল লোকেদের এই সব পণ্ডশ্রম লেখালেখি চলছে। তাকে থামানো যাবে না শতবর্ষ উদ্‌যাপন করতে গিয়ে?

বোঝা গেছে, কবি কাজী নজরুল ইসলাম একটি মহার্ঘ্য সম্পদ। তাই অনধিকারিরা উত্তরাধিকার নিয়ে মিথ্যে মামলা সাজাতে ব্যস্ত। অথচ রসিক গবেষকের (৬ষ্ঠ পৃষ্ঠায়)

# National Thermal Power Corporation Limited

( A Govt. of India Enterprise )

## Farakka Super Thermal Power Station

## Notice Inviting Tender

1. 0 NTPC, Farakka Project is interested in getting the following works executed through reputed agencies having experience in the relevant field. Interested agencies are requested to apply for the tender documents so that the application reaches to below mentioned address by 31st August 1999. The qualifying requirements & brief work details for the jobs is indicated below :

| Tender Ref. No. | Name of work | Estimated Value (Rs. in lacs) | Completion period (in months) | EMD Value (Rs.) |
|---|---|---|---|---|
| T-15/6135 | Vapour Absorption Refrigeration System at NTPC—Farakka. | 35.00 | 04 | 70,000/- |
| T-12/6186 | Supply and Installation of Microprocessor based speed, time & distance recorder on WDM 2 Locomotives at NTPC-Farakka. | 18.00 | 04 | 36,000/- |
| T-05/6188 | Supply & installation of Fabric expansion joint of Stage-I at NTPC-Farakka. | 21.47 | 18 | 43,000/- |
| T-01/5216 | Periodical painting work at Non-residential building at PTS. | 6.31 | 12 | 12,500/- |
| T-13/6185 | Rate contract for Civil maintenance in Main Plant Stage-I & II areas except CHP & MGR of NTPC-Farakka. | 22.50 | 12 | 45,000/- |
| T-10/6146 | Maintenance of Horticulture works at PTS of NTPC-Farakka. | 19.63 | 12 | 39,000/- |
| T-03/6101 | Water supply maintenance at FHC & VIP Guest House at NTPC-Farakka | 16.69 | 18 | 33,000/- |
| T-05/6187 | Replacement of old Buckstay beams with new fabricated buckstay beams at Unit-V Boiler at NTPC-Farakka. | 12.89 | 24 | 25,000/- |
| T-11/6164 | Emergency & break down maintenance of Boiler & Turbine Auxiliaries off site equipments of Main Plant at NTPC-Farakka. | 12.52 | 18 | 25,000/- |
| T-25/6098 | Annual contract for miscellaneous operational jobs at MGR area at NTPC-Farakka. | 10.88 | 12 | 21,500/- |
| T-11/6160 | Removal & installation of Coal pipe bends of Stage-II Units at NTPC-Farakka. | 18.00 | 09 | 36,000/- |
| T-03/6102 | Water supply maintenance at TTS/TTB area, CISF, HCC Colony at NTPC-Farakka. | 16.37 | 18 | 32,500/- |

### 2.0 QUALIFYING REQUIREMENTS COMMON TO ALL TENDERS :—

The bidder should possess latest Income Tax Clearance Certificate and independent P. F. code number alloted by Regional Provident Fund Commissioner and shall submit documentary evidence for the same along with request for tender document.

For T-15/6135

a) The bidder should be manufacturer/supplier of Vapour absorption heat pump/chiller unit.

b) The bidder must have successfully designed, manufactured and supplied similar vapour absorption heat pump/chiller unit of the type and capacity of at least 125 TR in any Power Plant/Central/State Government/PUSs.

For T-12/6186

a) The bidder must have successfully manufactured, supplied and commissioned minimum 06 Nos of Microprocessor based speed, time and distance recorder for WDM-2 Locomotives as per RDSO specification in the last 5 years and the same must be in good working condition for a period of one year. Necessary work order (s) of single contract value not less than Rs. 09.00 lakhs and certificate (s) from customers and also copy of upto date approval from RDSO for this product are to be submitted along with request for tender documents.

For T-05/6188

a) The bidder should have manufactured, supplied, installed and commissioned at least 10 (Ten) numbers of fabric expansion joints in flue gas/hot air duct of 200/210/500 MW boilers during last 03 years of at least the following specifications :

| | | |
|---|---|---|
| i) Duct size. | : | 2450 × 6159 mm. |
| ii) Pressure Range. | : | (+) 2000 mm Wq. |
| iii) Temperature Range. | : | 350 – 400 degree centigrate. |
| iv) Dust/Fly ash contents | : | 50 – 100 gms/mm.$^3$ |
| v) Fabric width. | : | 500 mm (min.) |

b) The bidder should have executed a similar work order of not less than Rs. 10.00 lakhs in a single work order during last 03 years in any Government Sector/PSU/PWD/CPWD/Power Station.

For T-01/5216

a) The bidders should have executed construction/maintenance of building works of not less than Rs. 5.00 lakhs in a single work order in the last 03 years in any Government Sector/PSU/CPWD/PWD/ Power Station.

For T-13/6185

a) The bidder must have executed civil maintenance/civil construction job in any Government Sector/PSU/PWD/CPWD/Power Station in the last 03 years in a single work order of value not less than Rs. 11.00 lacs.

For T-10/6146

a) Bidders should have executed similar nature of work/civil maintenance work etc. in any Government Sector/PSU/PWD/CPWD/Power Station. The value of such work under single work order executed by them should not be less than Rs. 12.00 lacs during last 03 years.

For T-03/6101

a) The bidder should have executed the work like water supply/plumbing works/ operation of pumps/civil construction/civil maintenance works in any of the Government Sectors/PSUs/PWD/CPWD/Power Stations in the last 03 years in a single work order of value not less than Rs. 10.00 lacs.

For T-05/6187

a) The party should have executed heavy structural ( like boiler/ESP structures etc. ) fabrication & erection jobs with a single work order value of not less than Rs. 10.00 lacs during last 03 years. The work order should be a direct order from Power Station/ Government Sector/PSUs.

For T-11/6164

a) The party should have executed annual mechanical maintenance job in a Power Station with a minimum value of Rs. 7.50 lacs in a single work order during last 03 years. The work order should be directly from any Government Sector/PSU/Power Station.

For T-25/6098

a) The bidder should have executed similar work/house keeping job of single work order value of not less than Rs. 7.00 lacs during last 03 years in any Government Sector/ PSU or any Power Stations.

For T-11/6160

a) The bidder should have executed a single work order of value not less than Rs. 10.00 lacs in mechanical maintenance/mechanical erection area in the last 03 years in any Government Sector/PSUs/Power Stations.

For T-03/6102

a) The bidder should have executed the work like water supply/plumbing works/operation of pumps/civil construction/civil maintenance works in any Government Sector/PSU/PWD/CPWD/ Power Station in the last 03 years in a single work order value of not less than Rs. 10.00 lacs.

**3.0 TERMS AND CONDITIONS :**

a) All ducuments like Work Order copy, Completion Certificate, documentary evidence of PF Code Number Income tax clearance Certificate, Sales tax clearance Certificate etc. shall be enclosed with the application.

b) NTPC shall not be responsible for any delay in receipt or non-receipt of applications caused due to postal delay or any other reasons.

c) The bidder has to submit application alongwith DEMAND DRAFT of Rs. 500/- (Rupees five hundred only. NON-REFUNDABLE) in favour of NTPC LTD., FSTPP, payable at SBI, Andua (Branch code-7099) with all required documents as mentioned above.

d) In case a bidder desires to participate in more than one tender, a separate application is required to be made against each work accompaying a separate DD of Rs. 500/- as above alongwith all credentials.

e) The envelope must be superscribed with tender ref. no. & name of the work.

f) Tender documents shall be issued by regd. post/Courier only to those intending parties who prima-facie meet the specified qualifying requirements as brought out in this Notice Inviting Tender after scrutiny of the Experience details/Documents submitted by the bidders alongwith their request for issue of tender papers. However, issuance of tender documents shall not automatically construe qualification of the firm for award of work, which will actually be determined during bid evaluation.

g) The EMD as indicated above is to be submitted alongwith Price bid only. The bid opening date will be mentioned in the bid documents which shall be sent to the qualified bidders only.

h) NTPC reserves the right to alter the qualifying requirements and to accept or reject any or all applications without assigning any reason thereof.

i) NTPC reserves the right to divide the work amongst more than one party.

j) The above specification details are only indicative and full details will be given in our bid documents. Interested parties are advised to visit the site and familiarise themselves with actual site conditions.

k) If last date of receipt of application/tender submission and opening is a closed holiday for NTPC, Farakka, tender application/tender submission and opening shall be shifted to the next working day.

l) Purchase preference to Central Pulic Sector Enterprises as well as joint ventures with Central Public Sector Enterprises may be given as per rules as applicable to NTPC.

m) NTPC reserves the right to assess the capacity and capability of bidders after opening of bids and reserves the right to reject any or all tenders without assigning any reasons.

n) Agency should possess valid Income Tax Clearance Certificate and Sales Tax Clearance Certificate from appropriate authorities.

o) The response from qualified vendors against this advertisement shall be considered for registration with NTPC, Farakka for a period of three years.

p) Application with all relevant documents sohuld reach in the office of Sr. Manager (CS) by 31. 08. 99.

Address for communication : Sr. Manager (CS), National Thermal Power Corporation Limited, Farakka Super Thermal Power Station, P. O. Nabarun, Dist. Murshidabad, West Bengal PIN.—742236.

## শব মিছিলে পুলিশের বিরুদ্ধে প্রতিবাদী শ্লোগান

নিজস্ব সংবাদদাতা ঃ গত ৩ আগষ্ট রাতে রঘুনাথগঞ্জ গোডাউন কলোনীর রামপদ মন্ডলের পঁচিশ বছরের ছেলে সুজিতকুমার মন্ডল (টিংকু) গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেন। খবরে প্রকাশ, বছর দুই আগে জনৈক পুলিশ কর্মী স্থানীয় গোপালনগরের ভূপেন দাসের মেয়ে মনার সঙ্গে টিংকুর বিয়ে হয়। টিংকুর বাবা রামপদ এখানকার একজন পুরোনো ড্রাইভার। টিংকুও অস্থায়ীভাবে গাড়ী চালিয়ে জীবিকা অর্জন করতেন। স্থানীয় থানায়ও তিনি কিছুদিন গাড়ী চালান। স্থায়ী কোন রোজগার না থাকায় সাংসারিক অভাব-অনটন নিয়ে স্বামী-স্ত্রীর মধ্যে প্রায় অশান্তি লেগে থাকতো বলে প্রতিবেশী সূত্রে জানা যায়। টিংকুর বন্ধুদের কথা—স্ত্রীর অভিযোগে এবং শ্বশুর ভূপেন দাসের মদতে গত ২ আগষ্ট টিংকুকে থানায় নিয়ে গিয়ে শাসনের নামে চড় থাপ্পর মারা হয়। পরে শ্বশুরবাড়ী গোপালনগরে নিয়ে গিয়ে সকলের সামনে স্ত্রীর পায়ে হাত দিয়ে ক্ষমা চাইতে বাধ্য করা হয়। এরপর লজ্জায় অপমানে টিংকু তাঁর গোডাউন কলোনীর বাড়ী ফিরে এসে ৩ আগষ্ট রাতে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেন। টিংকুর এই অসহায় আত্ম বিসর্জনের প্রতিবাদে কলোনীর এক দঙ্গল বিক্ষুব্ধ যুবক ৪ আগষ্ট শবদেহ নিয়ে মহকুমা শাসকের কাছে পুলিশী অত্যাচারের প্রতিবাদ জানান এবং শোক মিছিল শহরের বিভিন্ন রাস্তা পরিক্রমা করে পুলিশের বিরুদ্ধে শ্লোগান তোলেন।

### জঙ্গীপুর কলেজের সুবর্ণজয়ন্তী ( ১ম পৃষ্ঠার পর )

কানাইলাল সিংহ, প্রাক্তন ছাত্র রাধাকান্ত মন্ডল, অধ্যাপক নিশীথচন্দ্র আইচ ও জয়দেব পাল সংক্ষিপ্ত বক্তব্যে কলেজের স্মৃতিচারণ করেন। কলেজের বর্তমান অধ্যক্ষ আবু এল শোকরানা মন্ডল অধ্যক্ষের লিখিত প্রতিবেদন ও কলেজ জি এস সাওকাত আলি লিখিত প্রতিবেদন পাঠ করেন। এরপর বক্তব্য রাখেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বাসুদেব বর্মণ, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা অধিকর্তা ডঃ পূর্ণেন্দু গাঙ্গুলী, প্রাক্তন ছাত্র ও সাংসদ আবুল হাসনাত খান, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার রঞ্জন রায়, শিক্ষা বিভাগের সহ-অধিকর্তা জীবেন্দু রায় ও প্রাক্তন অধ্যক্ষ ডঃ সচ্চিদানন্দ ধর। বক্তারা তাঁদের জ্ঞানগর্ভ আলোচনায় কলেজের নানা সমস্যা ও তার সমাধানের ব্যাপারে আলোকপাত করেন। শেষ বক্তব্য রাখেন সভাপতি মৃগাঙ্ক ভট্টাচার্য। তিনি বলেন, আমি এই কলেজেরই প্রাক্তন ছাত্র। আজ কলেজ সভাপতি হয়ে সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পেরে নিজেকে ধন্য মনে করছি। অনুষ্ঠানের শেষ পর্বে স্থানীয় শিল্পীদের নিয়ে এক বিচিত্রানুষ্ঠানের আয়োজন করা হয়।

### শতবর্ষে শতছিন্ন কবি ( ২য় পৃষ্ঠার পর )

অভাব নেই বঙ্গভূমে। কোনও দাপাদাপি না করেই তাঁরা সযত্ন সশ্রম সাধনায় কাজ করছেন। রসের কারবারিরা সব সময়েই ধর্ম-সম্প্রদায়-ভন্ডামী-মিথ্যাচারের উর্ধে। তাঁদের রচনা, তাঁদের সৃষ্টি—তা মানুষের মনকে সংকীর্ণ না করে উদার করে তোলে। শেষ বিচারে নিষ্পত্তি হবে, নজরুল কোনও জাতের নন ; সমগ্র জাতির। তা যদি না হয় তবে ব্যর্থ হবে কবি নজরুলের জীবনচর্যা, সাহিত্য সাধনা ; সেই ঘোষণা— 'গাহি সাম্যের গান—

মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান'

পরাভূত হবে কি এই শতবর্ষের শ্রদ্ধাঞ্জলি ?

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

### দশ বছরের মেয়েকে বলাৎকার ( ১ম পৃষ্ঠার পর )

কাছে ধর্ষণের ঘটনা প্রকাশ করে। এরপর রাত সাড়ে আটটা নাগাদ ষষ্ঠী সিংহ রায়ের নামে থানায় অভিযোগ দায়ের করা হয়। এই খবর ছড়িয়ে পড়লে ২৯ জুলাই মিঠিপুরের একদল মানুষ অপরাধীকে গ্রেপ্তার ও উপযুক্ত শাস্তির দাবীতে মিছিল করে থানায় ডেপুটেশন দেন। ষষ্ঠী সিংহ রায় বেপাত্তা। পুলিশ হন্যে হয়ে তাকে খুঁজছে। ৩০ জুলাই সন্ধ্যার মৃত্যুর গুজব রটে গেলে ৩১ জুলাই সকাল সাড়ে আটটা নাগাদ সেকন্দরা ও মিঠিপুর অঞ্চলের কয়েক হাজার লোক ষষ্ঠী সিংহ রায়ের বাড়ী চড়াও হয়ে বাড়ীর যাবতীয় জিনিসপত্র লুঠ করে, বাড়ী ভাঙচুর করে, বাগানের গাছ কেটে খড়ের পালায় আগুন ধরিয়ে দেয়। ষষ্ঠীর মা ও মানসিক রোগগ্রস্ত দাদা প্রাণের ভয়ে পাশের বাড়ীতে আশ্রয় নেন। ঘটনার অনেক পর পুলিশ যায়। এ ব্যাপারে গ্রেপ্তারের কোন খবর নাই। কঙ্কালসার বাড়ীটি এখন পুলিশ পাহারা দিচ্ছে। সন্ধ্যা বর্তমানে হাসপাতালে ভালো আছে।

### পুলিশী নীরবতার অভিযোগ ( ১ম পৃষ্ঠার পর )

ঘটনাস্থলে আসেন। গ্রামে পুলিশ ক্যাম্প, গাড়ী ও ওয়ারলেসের বিশেষ ব্যবস্থা করা হয়েছে। ১৪ জুলাই হায়াত আলি খুনের পর ঐ এলাকায় সাম্প্রদায়িক উত্তেজনার কথা ফরাক্কার বিধায়ক মইনুল হকও স্বীকার করেন। এই প্রসঙ্গে মইনুল জানান—সি পি এম আজ যাদের নামে পুলিশের কাছে অভিযোগ করছে সেই নন্দ ঘোষ, ভরত ঘোষেরা ওদের দলেরই লোক ছিল। আর পুলিশ এখন পর্যন্ত যে চারজনকে ধরেছে তারা কেউ প্রকৃত অপরাধী নয়। আসল খুনীরা এখন পর্যন্ত ধরা পড়েনি।

### আফিডেবিট

আমি সিধুরাণী মন্ডল ( ৫০ ), স্বামী ৺বিনোদ মন্ডল, সাং ও পোঃ আহিরণ, থানা সুতী, জেলা মুর্শিদাবাদ গত ৩ / ৮ / ৯৯ জঙ্গিপুর নোটারী আদালতে এক আফিডেবিট বলে সিধুরাণী মন্ডল ওরফে সিতু মন্ডল এক এবং অভিন্ন হিন্দু গৃহবধূ হইতেছি। সমস্ত সরকারী ও বেসরকারী কার্যে আমি উভয় নামই লিখিয়া ও ব্যবহার করিয়া থাকি।

### বাড়ী বিক্রী

মুখ্য ডাকঘরের উত্তর পূর্বে রবীন্দ্রপল্লীতে ১৪ কাঠার উপরে একতলা নতুন বাড়ী বিক্রয় আছে। যোগাযোগের ঠিকানা—

কেশব সরকার
রঘুনাথগঞ্জ ১ নং বিডিও অফিস

আনন্দ সংবাদ! আনন্দ সংবাদ!

OPENING SHORTLY

আপনাদের শহরে এই প্রথম

ASIAN SKY SHOP

জেলার একমাত্র ডিলার—

MUSKAN

Prop. : Renu Sethi

BAZARPARA ROAD

Raghunathganj ★ Murshidabad

STD—03483 Phone 66213 ( Resi. )